## What do I need to know if my child is expelled?

### Parent/carer information

# আমার সন্তানকে বহিষ্কার করা হলে আমার কী জানা দরকার?

## পিতামাতা/পরিচর্যাকারীর জন্য তথ্য

### বহিষ্কার কি?

বহিষ্কার করার অর্থ হল যখন অধ্যক্ষ এবং পরিচালক, শিক্ষাগত নেতৃত্ব, একজন শিক্ষার্থীকে বলে যে তাকে অবশ্যই স্কুল ছেড়ে চলে যেতে হবে এবং ফিরে আসতে পারবে না। বহিষ্কার একটি গুরুতর বিষয়। বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার সন্তানকে সহায়তা করার জন্য সকল চেষ্টা করা উচিত।

অধ্যক্ষরা দুটি কারণে শিক্ষার্থীদের বহিষ্কার করতে পারেন:

- যখন শিক্ষার্থীরা উদ্বেগ হওয়ার মতো গুরুতর আচরণ করে এবং তাদের আচরণ নিয়ন্ত্রণের জন্য যে পরিকল্পনা করা হয়েছিল সেটা কাজ করেনি।
- শিক্ষার্থীদের বয়স ১৭ বছর বা তার বেশি এবং তারা শিক্ষা কার্যক্রমে অংশ নেয়নি।

অধ্যক্ষরা তাদের বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার সন্তানের প্রয়োজনীয়তা এবং পটভূমি বিবেচনায় নিয়ে স্কুল কীভাবে তাদের শিক্ষাকে সহায়তা করেছে তা নিয়ে ভাববেন।

বহিষ্কার হওয়ার আগে, অধ্যক্ষ আপনার সাথে যোগাযোগ করে আপনাকে জানাবেন যে তারা আপনার সন্তানকে বহিষ্কারের কথা ভাবছেন। তারা সম্ভাব্য বহিষ্কারের একটি লিখিত বিজ্ঞপ্তি জারী করবেন এবং বহিষ্কারের কারণ জানাতে এবং তারা আপনার সন্তানকে বহিষ্কার করলে কী হবে সে সম্পর্কে কথা বলতে আপনাকে এবং আপনার সন্তানকে একটি সভায় আসার আমন্ত্রণ জানাবে । সভায় আপনার সাথে একজন সহায়তাকারী ব্যক্তিকে আনতে পারেন। সহায়তাকারী ব্যক্তি আপনাকে এবং/বা আপনার সন্তানকে মানসিক বা কার্যকর সহায়তা প্রদান করতে পারে।

লিখিত নোটিশ জারীর তারিখ থেকে পরবর্তী সাত স্কুল দিবসের মধ্যে আপনি জানাতে পারবেন আপনার প্রতিক্রিয়া ও তার সাথে আপনি কেন মনে করেন যে আপনার সন্তানকে স্কুল থেকে বহিষ্কার করা উচিৎ হবে না। অধ্যক্ষ তার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার অংশ হিসাবে আপনার এই প্রতিক্রিয়া ব্যবহার করবেন।

### আমার সন্তানকে বহিষ্কার করা হলে কি হবে?

যদি কোন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয় তখন অধ্যক্ষ এবং পরিচালক, শিক্ষাগত নেতৃত্ব একসাথে সিদ্ধান্ত নেবেন। একজন শিক্ষার্থীকে বহিষ্কার করার সিদ্ধান্ত নেওয়ার ২৪ ঘন্টার মধ্যে, অধ্যক্ষকে অবশ্যই শিক্ষার্থী এবং তাদের পিতামাতা বা যত্নদানকারীদেরকে জানাতে হবে এবং NSW শিক্ষা বিভাগকে অবহিত করতে হবে।

যদি আপনার সন্তানের বয়স ১৭ বছরের কম হয় এবং তাদের আচরণের কারণে তাকে বহিষ্কার করা হয়, তাহলে অধ্যক্ষকে অবশ্যই ১৫ স্কুল দিবসের মধ্যে শিক্ষাগ্রহণ চালিয়ে যাওয়ার জন্য একটি নতুন স্কুল বা বিকল্প উপায় খুঁজে বের করতে হবে।

আপনার সন্তানের বয়স যদি ১৭ বছর বা তার বেশি হয়, তাহলে আপনার এবং আপনার সন্তানের তার শিক্ষা চালিয়ে যাওয়ার জন্য অন্য উপায়গুলো দেখা উচিত বা কর্মশক্তিতে স্থানান্তর করা উচিত।

### আমি স্কুল থেকে কি তথ্য পেতে পারি?

কী ঘটেছে ও কেন হয়েছে সে সম্পর্কে আপনি স্কুলকে আরও তথ্যের জন্য জিজ্ঞাসা করতে পারেন। কোনও সিদ্ধান্তের পিছনে যুক্তি, কী পদক্ষেপ নেওয়া হবে ও আপনার যদি কোনও সমস্যা হয় তবে কী করতে হবে এই সকল বিষয়ে স্কুল আপনাকে অবশ্যই ব্যাখ্যা প্রদান করবে।

### আমি কি বহিষ্কারের বিরুদ্ধে আপিল করতে পারি?

হ্যাঁ, আপনি যদি বিশ্বাস করেন যে অধ্যক্ষ এবং পরিচালক, শিক্ষাগত নেতৃত্ব, একটি অন্যায্য সিদ্ধান্ত নিয়েছেন বা সঠিক পদ্ধতি অনুসরণ করেননি। আপিলের নথি দেখুন।

আপনার সন্তানের পক্ষে সমর্থন মূলক তথ্যও পাওয়া যায়, সেইসাথে আমাদের স্কুল কমিউনিটি চার্টারে স্কুলের সাথে যোগাযোগ করার উপায়গুলো দেয়া আছে।

### আমি কিভাবে একটি অভিযোগ করতে পারি?

বহিষ্কার, সিদ্ধান্ত নেওয়া বা প্রদত্ত সহায়তা সম্পর্কে আপনার উদ্বেগ থাকলে অভিযোগ করার বিষয়ে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ওয়েবসাইট দেখুন।

### টেলিফোন দোভাষী পরিষেবা

আপনি যদি স্কুলের সাথে যোগাযোগ করতে চান এবং ইংরেজিতে সহায়তার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবাতে কল করুন, আপনার কোন ভাষা প্রয়োজন তাদের বলুন এবং অপারেটরকে স্কুলে ফোন করতে বলুন। আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।